(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ-২ শাখা

নং-৪৬.০১৮.০৩১.০০.০০.০০২.২০১১.৬০৮ তারিখঃ-১৪.০৩.২০১৩ইং

## সংশোধিত পরিপত্র

বিষয়ঃ **ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি।**

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৯৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি গঠন করা হলঃ

২। ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (UDCCs)র গঠন ঃ

| | | |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ | সভাপতি |
| ২ | ইউনিয়ন পরিষদের সকল সদস্য | সদস্য |
| ৩ | ইউনিয়ন পরিষদের স্থায়ী কমিটিসমূহের সভাপতিগন | সদস্য |
| ৪ | উপ-সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৫ | সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপ-সহকারী কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৭ | ভেটেরেনারী ফিল্ড এ্যাসিসট্যান্ট, প্রাণী সম্পদ অধিদপ্তর | সদস্য |
| ৮ | ভেটেরেনারী ফিল্ড এ্যাসিসট্যান্ট (কৃত্তিম প্রজনন), প্রাণী সম্পদ অধিদপ্তর | সদস্য |
| ৯ | ফিল্ড এসিসট্যান্ট, মৎস্য অধিদপ্তর | সদস্য |
| ১০ | উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১১ | স্বাস্থ্য পরিদর্শক, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১২ | সহকারী স্বাস্থ্য পরিদর্শক, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১৩ | পরিবার কল্যাণ পরিদর্শক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | সদস্য |
| ১৪ | পরিবার কল্যাণ সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | সদস্য |
| ১৫ | ইউনিয়ন সমাজকর্মী, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ১৬ | ইউনিয়ন দলনেতা, আনসার ও ভিডিপি | সদস্য |
| ১৭ | টিউবওয়েল মেকানিক, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ১৮ | কমিউনিটি অর্গানাইজার, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ১৯ | মাঠ সংগঠক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ২০ | ম্যারেজ রেজিস্ট্রার(কাজী) [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়োগপ্রাপ্ত] | সদস্য |
| ২১ | বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির প্রতিনিধি (মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন, প্রাথমিক বিদ্যালয়ের ১ জন) | সদস্য |
| ২২ | ইউনিয়ন এলাকার মাঠ পর্যায়ে কর্মরত এনজিও প্রতিনিধি (১ জন) | সদস্য |
| ২৩ | গ্রাম সংগঠনের একজন প্রতিনিধি | সদস্য |
| ২৪ | স্থানীয় ব্যবসায়ী প্রতিনিধি (১ জন) | সদস্য |
| ২৫ | ইমাম ও ধর্মীয় নেতাদের প্রতিনিধি (১ জন) | সদস্য |
| ২৬ | নারী প্রতিনিধি (২ জন) | সদস্য |
| ২৭ | Union Development Officer (UDO) | সদস্য |
| ২৮ | হেডম্যান (১ জন) শুধুমাত্র পার্বত্য জেলাসমুহের জন্য প্রযোজ্য | সদস্য |
| ২৯ | কারবারী (১ জন) শুধুমাত্র পার্বত্য জেলাসমুহের জন্য প্রযোজ্য | সদস্য |
| ৩০ | ইউনিয়ন পরিষদ সচিব | সদস্য-সচিব |

২.ক. উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ ইউনিয়ন উন্নয়ন কমিটিতে ইউনিয়নওয়ারী সদস্য মনোনয়ন প্রদান করবেন। অন্যান্য ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ সাধারণ সভায় আলোচনা করে সদস্য মনোনীত করবে। সকল সদস্য মনোনীত হওয়ার পর ইউনিয়ন পরিষদ এ কমিটি সংক্রান্ত একটি অফিস আদেশ জারি করবে এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে।

৩. ন্যূন্যপক্ষে প্রতি দু'মাসে একবার ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হবে।

৪. ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভার সকল সিদ্ধান্ত উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যগণের মতামতের ভিত্তিতে গৃহীত হবে।

৫. ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির কার্যাবলীঃ

(১) ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি সাধারণভাবে ইউনিয়নের সকল আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকান্ডের পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও সমন্বয় করবে;

(২) ইউনিয়নের আইন-শৃঙ্খলা রক্ষায় এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(৩) ইউনিয়ন পর্যায়ে কর্মরত সকল বিভাগীয় উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সুপারিশ প্রদান ও সহায়ক পরিবেশ সৃষ্টিতে সহায়তাপ্রদান করবে;

(৪) সংশ্লিষ্ট ইউনিয়নে বিদ্যমান সেবা প্রদান পরিস্থিতি পর্যালোচনা করবে; বাস্তবভিত্তিক চাহিদা নিরূপণ বা ইউনিয়নে কর্মরত সকল উন্নয়ন সহযোগীর মাধ্যমে নিরূপিত চাহিদা পূরণে কর্মপরিকল্পনা প্রণয়ন ও সমন্বয় সাধন করবে;

(৫) সংশ্লিষ্ট ইউনিয়নের জনসাধারণের জীবনমান উন্নয়নে সকল উন্নয়ন সহযোগী থেকে প্রাপ্ত সম্পদ ব্যবহারে সমন্বয় সাধন করবে;

(৬) স্থানীয় জনসাধারণের সাথে বিভিন্ন উন্নয়ন সহযোগী, সেবা সরবরাহ কেন্দ্র, উপজেলা পরিষদ ইত্যাদি প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপন ও সমন্বয় সাধন করবে;

(৭) স্থানীয় সম্পদের সদ্ব্যবহারে বাস্তব পদক্ষেপ গ্রহণ করবে;

(৮) ইউনিয়ন এলাকায় কর্মরত বিভিন্ন সংস্থা/ব্যক্তিবর্গ কর্তৃক সম্পাদিত কার্যক্রমের মুল্যায়নের ভিত্তিতে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে;

(৯) স্থানীয় উন্নয়নে উদাহরণ সৃষ্টিকারী ভাল শিক্ষণসমূহের তথ্য সংগ্রহ এবং নিজ এলাকায় বাস্ত বায়নযোগ্য শিক্ষণসমূহ পারস্পরিক শিখনের মাধ্যমে যাচাই ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে;

(১০) ইউনিয়নবাসীর জীবনমান উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬. সভা অনুষ্ঠানের ০৩ কার্যদিবসের মধ্যে সভার কার্যবিবরণী প্রস্তুত করতে হবে এবং ০৭ কার্যদিবসের মধ্যে উক্ত কার্যবিবরণী উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও সদস্যদের বরাবরে প্রেরণ করতে হবে। কার্যবিবরণী প্রস্তুতে নিম্নোক্ত "ছক" ব্যবহার করা যেতে পারেঃ

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি |
|---|---|---|---|---|
| | | | | |

৭. প্রতিটি সভার অন্ততঃ ০৭ কার্যদিবস পূর্বে বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকলকে সভায় উপস্থিত থাকার জন্য বিজ্ঞপ্তি জারি করা যেতে পারে।

৮. কমিটি নিম্নলিখিত বিষয়সমূহ সভার আলোচ্যসূচীতে অন্তর্ভূক্ত করতে পারেঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;

(খ) বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি;

(গ) বিভিন্ন বিভাগ/সংস্থাওয়ারী কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

(ঘ) ইউনিয়ন এলাকার সেবা সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা, উন্নয়ন সহযোগী কর্তৃক বাস্তবায়নাধীন কর্মকাণ্ডের অগ্রগতি আলোচনা এবং পরিকল্পনা প্রণয়ন;

(ঙ) পরবর্তী সভার আলোচ্যসূচী নির্ধারণ;

(চ) বিবিধ।

৯. প্রতিবেদনঃ

প্রতি ০৩ টি সভার প্রধান প্রধান আলোচনা, সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়ন অগ্রগতি সম্বলিত একটি প্রতিবেদন উপজেলা পর্যায়ের সকল অফিস প্রধান, উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করতে হবে।

১০. জনস্বার্থে এ পরিপত্র জারী করা হল এবং এই পরিপত্রের বিধানাবলী অবিলম্বে কার্যকর হবে।

(শামীমা নার্গিস)
যুগ্ম-সচিব
ফোনঃ ৯৫১৪৬৩২

বিতরণঃ

১। বিভাগীয় কমিশনার (সকল), বিভাগ...................... ।

২। জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।

৩। জেলা প্রশাসক (সকল), জেলা.......................... ।

৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা.................................. ।

৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), উপজেলা.............................. জেলা.................... ।

৬। ........................................................................... ।